

রপ্তানি উন্নয়ন ব্যুরো
টিসিবি ভবন (৫ম তলা)
১, কাওরান বাজার
ঢাকা।



গাড়ীচালক পদে নিয়োগ বিজ্ঞপ্তি

নং-২৬.০২.০০০০.০০৭.৫৯১.১৬.১২১


তারিখঃ ০৯-০৪-২০১৯

রপ্তানি উন্নয়ন ব্যুরোতে দৈনিক মজুরী ভিত্তিতে গাড়ীচালক (কার/মাইক্রোবাস) পদে নিয়োগের নিমিত্তে নিম্নোক্ত শর্তসাপেক্ষে বাংলাদেশী নাগরিকের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রম	শিক্ষাগত যোগ্যতা	পদের সংখ্যা	বয়সসীমা	মজুরী
০১.	ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ এবং গাড়ীচালনায় ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা	০১ (এক) (সম্পূর্ণ অস্থায়ী)	১৫-০৪-২০১৯ খ্রিঃ তারিখে ১৮ বছরের নীচে এবং ৩০ বছরের উর্ধ্বে নয়।	বিধি মোতাবেক দৈনিক ভিত্তিতে মজুরী প্রদেয়।

শর্তাবলীঃ

- ০১। আবেদনপত্রে নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, নিজ জেলার নাম, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
- ০২। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র/ডকুমেন্ট অবশ্যই সংযুক্ত থাকতে হবেঃ
 - (ক) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ কপি;
 - (খ) শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত কপি;
 - (গ) অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি;
 - (ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;
 - (ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (যদি থাকে)
 - (চ) বিআরটিএ প্রদত্ত ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।
- ০৩। আবেদনপত্র সচিব, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ৫ম তলা, ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর সর্বশেষ আগামী ১৮-০৪-২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রধান কার্যালয়ে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।
- ০৪। ২৫-০৪-২০১৯ তারিখ সকাল ১০ ঘটিকায় মৌখিক/ব্যবহারিক পরীক্ষা ব্যুরোর প্রধান কার্যালয়ে (টিসিবি ভবন, ৫ম তলা) অনুষ্ঠিত হবে।
- ০৫। মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার দৈনিক/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।
- ০৬। কোন কারণ দর্শানো ব্যতীত যেকোন আবেদন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ০৭। দৈনিক ভিত্তিতে নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে গণ্য হবে।


০৯.০৪.২০১৯
(মাহমুদুল হাসান)
উপ-সচিব
উপ-পরিচালক (প্রশাসন)

অনুলিপিঃ

- ০১। নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট, ইপিবি, ঢাকা।
- ০২। নোটিশ বোর্ড, বিএফটিআই, ঢাকা।
- ০৩। নোটিশ বোর্ড, টিসিবি, ঢাকা।